অতি জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislativediv.gov.bd

নং- ৫৫.০০.০০০০.১১২.১৪.০৭৭.২২-১৮৬

২৮ ভাদ্র, ১৪৩০ বাং
তারিখঃ----------------------
১২ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি:

## প্রকল্প বাস্তবায়ন কমিটির ৫ম সভার কার্যবিবরণী

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির ৫ম সভা গত ০৭/০৯/২০২৩ তারিখ বেলা ১০:৩০ ঘটিকায় এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনলাইন কনফারেন্স এ্যাপ (Zoom) এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১২/০৯/২০২৩

(মোহাম্মদ আবু কাউছার)
উপসচিব
টেলিফোন-৫৫১০০৯০৯
ই-মেইল: ds.planning@legislativediv.gov.bd

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: যুগ্মসচিব, বাজেট -৭)।
২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: পরিচালক, সেক্টর-৩)।
৩। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ:আ: যুগ্মপ্রধান)।
৪। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান)।
৫। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান)।
৬। অতিরিক্ত সচিব (ড্রা-চ:দা:), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৭। যুগ্মপ্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৮। প্রকল্প পরিচালক, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৯। যুগ্মসচিব (প্রশাসন) (চ.দা:), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১০। সিস্টেম এনালিস্ট, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১১। উপ-প্রকল্প পরিচালক, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
২। প্রোগ্রামার, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (কার্যবিবরণীর কপি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৩। সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislativediv.gov.bd

বিষয়ঃ "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির ৫ম সভার কার্যবিবরণী।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি জনাব মো: মইনুল কবির এর সভাপতিত্বে গত ০৭/০৯/২০২৩ তারিখ বেলা ১০:৩০ ঘটিকায় "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির ৫ম সভা অনলাইনে অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন (সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট- 'ক') ।

২। সচিব মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং SDG Target -16.b (Promote and enforce non-discriminatory laws and policies for sustainable development) এর লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে এ প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। এটি এ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন উচ্চ অগ্রাধিকারভুক্ত একমাত্র প্রকল্প। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালক ড. মোহাম্মদ মহিউদ্দীনকে অনুরোধ করেন।

৩। প্রকল্প পরিচালক ড. মোহাম্মদ মহিউদ্দীন উল্লেখ করেন, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং SDG বাস্তবায়নকল্পে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। প্রকল্পের উল্লেখযোগ্য উদ্দেশ্যসমূহ হচ্ছে- মানসম্মত ও বিশ্বমানের আইন প্রণয়নের লক্ষ্যে অভ্যন্তরীণ ও বৈদেশিক উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ এবং লজিস্টিক সাপোর্টের মাধ্যমে লেজিসলেটিভ ড্রাফটিং এ দক্ষ ও প্রশিক্ষিত জনবল গড়ে তোলা, নির্বাচিত ২৫০টি আইন ইংরেজি থেকে বাংলায় এবং বাংলা থেকে ইংরেজিতে অনুবাদ করা, এ বিভাগের কর্মকর্তাবৃন্দের আইন বিষয়ে অধ্যয়নের জন্য মানসম্মত লাইব্রেরি ও ই-লাইব্রেরি স্থাপন, Law Public Awareness Cell গঠন ও শক্তিশালীকরণ, অধঃস্তন আইনসমূহ চিহ্নিতকরণপূর্বক কোডিফিকেশন ও হালনাগাদ করে কোড আকারে প্রকাশ ও ওয়েবসাইটে প্রকাশ, মূল আইনসমূহ হালনাগাদ করে প্রকাশ ও বাংলাদেশ কোড ওয়েবসাইটে আপলোড এবং লজ অব বাংলাদেশ এর নতুন অধিক ক্যাপাসিটিসম্পন্ন ওয়েবসাইট প্রস্তুত, সংরক্ষণ ও ব্যবস্থাপনা, বাংলায় আইন প্রণয়ন পদ্ধতি এবং আইনের ব্যবহারশাস্ত্র (Jurisprudence) সংবলিত লেজিসলেটিভ ডেস্কবুক প্রণয়ন, সাংবিধানিক ও আইনি অধিকার বিষয়ে জনসাধারণকে সচেতন করা। প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় মোট ৩৮৭৮.৯২ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ জুলাই, ২০২২ হতে জুন, ২০২৬ পর্যন্ত।

৪। সভায় আরো জানানো হয় যে, প্রকল্পটির অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)'তে ২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। অদ্যাবধি উক্ত অর্থ হতে মোট ৩০.৪৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে, যা মোট বরাদ্দের ১৫.২৪%। কোয়ার্টার ভিত্তিক বরাদ্দ বিবেচনায় প্রথম কোয়ার্টারের অগ্রগতি ব্যয়যোগ্য বরাদ্দের প্রায় ৬০.৯৬%। প্রকল্পটির এডিপি বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

| ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিতে বরাদ্দ | অর্থ অবমুক্তি (১ম কোয়ার্টার) | ৩১/০৮/২০২৩ পর্যন্ত সময়ে এডিপি বাস্তবায়ন অগ্রগতি | মোট বাজেট বরাদ্দের বিপরীতে খরচের শতকরা হার (%) |
|---|---|---|---|
| ২০০.০০ | ৫০.০০ | ৩০.৪৮ | ১৫.২৪% |

সভায় আরো জানানো হয় যে, অদ্যাবধি প্রকল্পের নিম্নরূপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে:

- প্রকল্পের আওতায় এ বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সীমিত বাজেট বরাদ্দের আলোকে ৮টি স্থানীয় প্রশিক্ষণ (২০২২-২৩ অর্থবছরে ৫টি এবং ২০২৩-২৪ অর্থবছরে ৩টি) আয়োজন করা হয়েছে।

- সাংবিধানিক ও আইনি অধিকার সম্পর্কে জেলা পর্যায়ে ২টি সচেতনতামূলক ওয়ার্কশপ (মুন্সিগঞ্জ ও ঢাকা জেলায়) এবং ২টি স্টেকহোল্ডার কনসালটেশন (মানিকগঞ্জ ও যশোর জেলায়) অনুষ্ঠিত হয়েছে।
- উক্ত ওয়ার্কশপ এবং স্টেকহোল্ডার কনসালটেশনে সুশীল সমাজের প্রতিনিধি, নির্বাচিত জনপ্রতিনিধি, মানবাধিকার কর্মী, স্থানীয় প্রশাসনের প্রতিনিধি, বিচার বিভাগীয় কর্মকর্তা, পুলিশের প্রতিনিধি, আইনজীবী, এনজিও প্রতিনিধি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রতিনিধি, প্রতিবন্ধী/ দরিদ্র ও অবহেলিত নারী-শিশুদের প্রতিনিধিবৃন্দসহ এ বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।
- নির্বাচিত ১২০টি আইন ইংরেজি হতে বাংলায় এবং বাংলা হতে ইংরেজিতে অনুবাদের লক্ষ্যে ২টি প্যাকেজের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে।
- বাজেট বরাদ্দ অনুযায়ী প্রকল্প অফিসের আসবাবপত্র, ৪টি ল্যাপটপ (প্রজেক্ট অফিসের জন্য ১টি ও লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের জন্য ৩টি) এবং অন্যান্য আনুষঙ্গিক অফিস সরঞ্জামাদি ক্রয় করা হয়েছে। পরিবহন পুল ভবনে অবস্থিত এ বিভাগের সভাকক্ষের জন্য ১টি এসি ও ১টি প্রজেক্টর স্থাপন এবং জানালার পর্দা লাগানো হয়েছে। অনুমোদিত ডিপিপির সংস্থান মোতাবেক এ বিভাগের কর্মকর্তাদের জন্য ৩টি এসি এবং ১টি এক্সিকিউটিভ টেবিল সরবরাহ/স্থাপন করা হয়েছে। এছাড়া, গবেষণা সেলে ব্যবহারের জন্য বেশ কিছু গুরুত্বপূর্ণ বই এবং ১টি হার্ডড্রাইভ সরবরাহ করা হয়েছে।

৫। সভায় জানানো হয় যে, প্রকল্প বাস্তবায়ন কমিটির ৪র্থ সভা গত ৩০/০৫/২০২৩ তারিখে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

| ক্রমিক নং | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৯.১ | ক) সীমিত বাজেট বরাদ্দের আলোকে নির্বাচিত আইনের অনুবাদ কার্যক্রম সম্পন্ন করার জন্য প্যাকেজ-১ (SD-6) এবং প্যাকেজ-২ (SD-7) এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম সম্পন্ন করতে হবে। | বাজেট বরাদ্দের আলোকে নির্বাচিত ১২০টি আইনের অনুবাদ কার্যক্রম সম্পন্ন করার জন্য প্যাকেজ-১ (SD-6) এবং প্যাকেজ-২ (SD-7) এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। মূল্যায়ন কমিটির সুপারিশ অনুযায়ী বিষয়টি চূড়ান্ত অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। |
| | (খ) BD Laws ও Laws of Bangladesh website পুন:স্থাপন এবং Code of Delegated Legislation প্রণয়ন ও BD Rules Website Develop করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থ বছরে আরো অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য পরিকল্পনা কমিশন/অর্থ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | BD Laws ও Laws of Bangladesh website পুন:স্থাপন এবং Code of Delegated Legislation প্রণয়ন ও BD Rules Website Develop করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থবছরের বিদ্যমান বরাদ্দের অতিরিক্ত আরো ৩.০০ কোটি টাকা বরাদ্দ প্রদানের জন্য পরিকল্পনা কমিশনে গত ১৭/০৮/২০২৩ তারিখে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। |
| ৯.২ | বাজেট বরাদ্দের আলোকে আইন প্রণয়ন বিষয়ে সক্ষমতা বৃদ্ধির জন্য Legislative Process and Technique বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের স্থানীয় প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ২০২২-২৩ অর্থবছরে বাজেট বরাদ্দের আলোকে এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের জন্য আইন প্রণয়ন বিষয়ে সক্ষমতা বৃদ্ধির জন্য সীমিত আকারে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করার হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে ইতোমধ্যে কর্মকর্তা/ কর্মচারীদের ৩টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। ২য় কোয়ার্টারে সহকারী সচিব, সিনিয়র সহকারী সচিব ও উপসচিব পর্যায়ে ২টি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হবে। |
| ৯.৩ | প্রকল্পের আওতায় ঢাকার বাইরে অনুষ্ঠিতব্য বিভিন্ন ওয়ার্কশপ ও সেমিনারে প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্যবৃন্দকে অংশ গ্রহণের জন্য পর্যায়ক্রমে আমন্ত্রণ জানাতে হবে। | এ বিষয়ে প্রয়োজনীয় ব্যস্থা গ্রহণ করা হয়েছে। বিভিন্ন ওয়ার্কশপ ও সেমিনারে পিএসসি ও পিআইসি এর সদস্যবৃন্দকে পর্যায়ক্রমে অংশ গ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে। উল্লেখ্য, ইতোমধ্যে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধিকে যশোরে অনুষ্ঠিত স্টেকহোল্ডার |

| ক্রমিক নং | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| | | কনসালটেশনে আমন্ত্রণ জানানো হয়েছে এবং তারা উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন। |
| ৯.৪ | এডিপিতে বাজেট বরাদ্দের আলোকে ২০২৩-২৪ অর্থ বছরের কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে। | প্রকল্পের অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিতে ২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। তদানুযায়ী প্রকল্পের চলতি অর্থ বছরের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রণয়ন হয়েছে, যা বাস্তবায়নাধীন রয়েছে। |
| ৯.৫ | উন্নয়ন বাজেট বাস্তবায়নের ক্ষেত্রে অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন ও আইএমইডি'র নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে। | উন্নয়ন বাজেট বাস্তবায়নের ক্ষেত্রে অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন ও আইএমইডি'র নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |

৬। প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পের আওতায় অনুষ্ঠিতব্য বিভিন্ন ওয়ার্কশপ/স্টেকহোল্ডার কনসালটেশনে প্রকল্প স্টিয়ারিং কমিটি এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্যবৃন্দকে পর্যায়ক্রমে আমন্ত্রণ জানানো হচ্ছে। ০৩/০৬/২০২৩ তারিখে যশোর জেলায় অনুষ্ঠিত 'সাংবিধানিক এবং আইনগত অধিকার বিষয়ক' (Awareness Building on Constitutional and Legal Rights) সচেতনতামূলক স্টেকহোল্ডার কনসালটেশনে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) এবং অর্থ বিভাগের প্রতিনিধি অংশগ্রহণ করেছেন। পরবর্তী ওয়ার্কশপ/সেমিনার/প্রশিক্ষণে (প্রযোজ্য ক্ষেত্রে) পিএসসি এবং পিআইসি সভার সদস্যবৃন্দ/প্রতিনিধিকে আমন্ত্রণ জানানোর জন্য সচিব মহোদয় দিকনির্দেশনা প্রদান করেন।

৭। সভাপতি মহোদয় বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরে প্রকল্পের অনুকূলে ২.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে, যা ডিপিপির লক্ষ্যমাত্রা ও প্রকল্পের বাস্তবায়ন কর্মপরিকল্পনার তুলনায় অত্যন্ত অপ্রতুল। BD Laws ও Laws of Bangladesh website পুন:স্থাপন এবং Code of Delegated Legislation প্রণয়ন ও BD Rules Website Develop করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থ বছরে আরো অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য সভাপতি মহোদয় পরিকল্পনা কমিশনের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করেন। এ প্রসঙ্গে কার্যক্রম বিভাগের প্রতিনিধি জানান যে, অতিরিক্ত বরাদ্দের প্রস্তাবটি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম চলমান আছে।

৮। প্রকল্প অফিসের অনুরোধের প্রেক্ষিতে প্রকল্প স্টিয়ারিং কমিটির সদস্য আইন ও বিচার বিভাগের প্রতিনিধি উপসচিব (পরিকল্পনা) পিআইসি সভায় অংশগ্রহণ করেন। তিনি বলেন যে, প্রকল্পের আওতায় গৃহীতব্য কার্যক্রমের মধ্যে Law Public Awareness Cell গঠনে সহায়তা প্রদান ও শক্তিশালীকরণ বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। এ বিষয়ে অগ্রগতি জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন যে, সাংবিধানিক ও আইনি অধিকার সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে জেলা পর্যায়ে ২টি সচেতনতামূলক ওয়ার্কশপ (মুন্সিগঞ্জ ও ঢাকা জেলায়) এবং ২টি স্টেকহোল্ডার কনসালটেশন (মানিকগঞ্জ ও যশোর জেলায়) অনুষ্ঠিত হয়েছে। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের আওতায় Law Public Awareness Cell গঠন করার প্রস্তাব প্রেরণের জন্য সভাপতি মহোদয় প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন। এরূপ একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপনের জন্য তিনি আইন ও বিচার বিভাগের প্রতিনিধিকে ধন্যবাদ জানান।

৯। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধি বলেন যে, সাংবিধানিক ও আইনি অধিকার সর্ম্পকে জেলা পর্যায়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ওয়ার্কশপ আয়োজনের বিষয়টি প্রসংশনীয়। পরামর্শক নিয়োগের অগ্রগতি সম্পর্কে তিনি জানতে চাইলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, আইনের অভিগম্যতা নিশ্চিত করার জন্য নির্বাচিত ১২০টি আইন ইংরেজি হতে বাংলায় এবং বাংলা হতে ইংরেজিতে অনুবাদের লক্ষ্যে ২টি প্যাকেজের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্য EoI আহবান থেকে শুরু করে প্রস্তাব মূল্যায়নসহ সার্বিক কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বিষয়টি চূড়ান্ত অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।

১০। আইন বিষয়ে গুরুত্বপূর্ণ বই, ম্যাগাজিন ও জার্নাল এবং অন্যান্য সংশ্লিষ্ট ডকুমেন্ট সমৃদ্ধ Resource and Documentation center স্থাপনের বিষয়ে সভাপতি মহোদয় কমিটির সদস্যবৃন্দের পরামর্শ কামনা করেন। এ প্রসঙ্গে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের যুগ্মপ্রধান বলেন যে, এ ধরনের রিসোর্স ও ডকুমেন্টেশন সেন্টার/লাইব্রেরী অনলাইন এবং ফিজিক্যাল দু'ভাবেই হতে পারে।

১১। অর্থ বিভাগের প্রতিনিধি বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরের বরাদ্দ বিবেচনায় অদ্যাবধি অগ্রগতি সন্তোষজনক। ক্যাপাসিটি বিল্ডিংসহ অন্যান্য গুরুত্বপূর্ণ কাজের জন্য অতিরিক্ত বরাদ্দের যৌক্তিকতা রয়েছে। পরিকল্পনা কমিশন কর্তৃক প্রস্তাব বিবেচনার পর এ বিষয়ে অর্থ বিভাগ কর্তৃক যথাযথ কার্যক্রম গ্রহণ করা হবে। তিনি আরও বলেন যে, আইন বিষয়ে গবেষণা কার্যক্রম একটি গুরুত্বপূর্ণ বিষয়। এ কার্যক্রম দক্ষতার সাথে পরিচালনার জন্য একটি স্বতন্ত্র স্থায়ী গবেষণা সেল/উইং স্থাপনের বিষয়ে তিনি অভিমত ব্যক্ত করেন। এ প্রসঙ্গে প্রকল্প পরিচালক জানান যে, এ বিভাগের আওতায় বিদ্যমান কয়েকজন কর্মকর্তাকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের মাধ্যমে গবেষণা সেল গঠন করা হয়েছে। প্রকল্পের বাজেট বরাদ্দের আলোকে উক্ত দপ্তরসমূহে প্রয়োজনীয় সহায়তা/ইনপুট প্রদান করা হচ্ছে।

১২। প্রকল্প পরিচালক বলেন যে, লজিস্টিক/ কারিগরি সাপোর্ট প্রদানের মাধ্যমে Legislative Editing Unit এর সক্ষমতা বৃদ্ধি ও শক্তিশালীকরণ এ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় বলেন যে, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধির ক্ষেত্রে Legislative Editing Unit এর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ প্রেক্ষিতে এ বিভাগের আওতায় Legislative Editing Unit গঠন করার প্রস্তাব প্রেরণের জন্য সভাপতি মহোদয় প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন।

১৩। আইনগত অধিকার সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আইসিটি প্ল্যাটফর্ম ব্যবহার করে সুনির্দিষ্ট আইন, বিধিমালা ও প্রযোজ্যক্ষেত্রে প্রবিধানমালার সংক্ষিপ্ত ব্যবহারিক নির্দেশনা ও উপযোগিতা, আইনের প্রয়োগ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে প্রশ্ন ও উত্তর (Q&A) সম্বলিত App তৈরী করা গেলে জনগণ বেশী উপকৃত হতো। এ বিষয়ে আইসিটিসহ বিভিন্ন কারিগরি জনবল প্রয়োজন। এজন্য অর্থ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের সহযোগিতা একান্ত প্রয়োজন। ভবিষ্যতে এ বিষয়ে একটি নতুন প্রকল্প গ্রহণ করা যেতে পারে। এ প্রসঙ্গে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের যুগ্মপ্রধান বলেন যে, আইনি অধিকার সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এ কাজ সম্পন্ন করার জন্য আলদাভাবে একটি উইং গঠনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এ বিষয়ে আইসিটি বিভাগের নিকট থেকে কারিগরি ধারণা/পরামর্শ নেয়া যেতে পারে।

১৪। প্রকল্পটির অগ্রগতি ত্বরান্বিত করার জন্য প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্টদেরকে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। পিআইসি সদস্যবৃন্দ কর্তৃক গুরুত্বপূর্ণ পরামর্শ প্রদানের জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান এবং প্রকল্পটি সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

১৫। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১৫.১ | অগ্রাধিকার কাজসমূহ সম্পন্ন করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ | (ক) নির্বাচিত আইনের অনুবাদ কার্যক্রম সম্পন্ন করার জন্য প্যাকেজ-১ (SD-6) এবং প্যাকেজ-২ (SD-7) এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কার্যাদেশ শীঘ্রই প্রদান করতে হবে।<br>(খ) পরিকল্পনা কমিশন কর্তৃক ২০২৩-২৪ অর্থ বছরে অতিরিক্ত বরাদ্দ প্রদানের প্রস্তাব অনুমোদনের পর অগ্রাধিকার ভিত্তিতে BD Laws ও Laws of Bangladesh website পুন:স্থাপন এবং Code of Delegated Legislation প্রণয়ন ও BD Rules Website Develop করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ১৫.২ | Legislative Process and Technique বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম | আইন প্রণয়ন বিষয়ে সক্ষমতা বৃদ্ধির জন্য Legislative Process and Technique বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের স্থানীয় প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। বাজেট বরাদ্দের আলোকে কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির জন্য অনুমোদিত ডিপিপির সংস্থান মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১৫.৩ | বিভিন্ন ওয়ার্কশপ ও সেমিনারে প্রকল্প বাস্তবায়ন কমিটি ও প্রকল্প স্টিয়ারিং কমিটির সদস্যবৃন্দকে সম্পৃক্তকরণ | প্রকল্পের আওতায় ঢাকায় এবং ঢাকার বাইরে অনুষ্ঠিতব্য বিভিন্ন ওয়ার্কশপ ও সেমিনারে প্রকল্প বাস্তবায়ন কমিটি ও প্রকল্প স্টিয়ারিং কমিটির সদস্যবৃন্দকে অংশ গ্রহণের জন্য পর্যায়ক্রমে আমন্ত্রণ জানাতে হবে। |
| ১৫.৪ | Law Public Awareness Cell গঠনে সহায়তা প্রদান ও শক্তিশালীকরণ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের আওতায় Law Public Awareness Cell গঠন করার জন্য প্রকল্প পরিচালক প্রস্তাব প্রেরণ করবেন। |
| ১৫.৫ | Resource and Documentation center স্থাপন | আইন বিষয়ে গুরুত্বপূর্ণ বই, ম্যাগাজিন ও জার্নাল এবং অন্যান্য সংশ্লিষ্ট ডকুমেন্ট সমৃদ্ধ Resource and Documentation center/ লাইব্রেরী স্থাপনের (অনলাইন এবং ফিজিক্যাল) বিষয়ে এ বিভাগের প্রশাসন অনুবিভাগ হতে উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রকল্প অফিস এ বিষয়ে বাজেট বরাদ্দ সাপেক্ষে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। |
| ১৫.৬ | আইনি গবেষণার জন্য স্বতন্ত্র সেল/উইং স্থাপন | আইন বিষয়ে গবেষণা কার্যক্রম দক্ষতার সাথে পরিচালনার জন্য একটি স্বতন্ত্র স্থায়ী গবেষণা সেল/উইং স্থাপনের বিষয়ে এ বিভাগের আওতায় উদ্যোগ গ্রহণ করতে হবে। |
| ১৫.৭ | Legislative Editing Unit গঠনে সহায়তা প্রদান ও শক্তিশালীকরণ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের আওতায় Legislative Editing Unit গঠন করার জন্য প্রকল্প পরিচালক প্রস্তাব প্রেরণ করবেন। |
| ১৫.৮ | সুনির্দিষ্ট আইন, বিধিমালা ও প্রযোজ্যক্ষেত্রে প্রবিধানমালার সংক্ষিপ্ত ব্যবহারিক নির্দেশনা ও উপযোগিতা সম্পর্কে ডিজিটাল প্ল্যাটফর্ম তৈরী | আইনগত অধিকার সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সুনির্দিষ্ট আইন, বিধিমালা ও প্রযোজ্যক্ষেত্রে প্রবিধানমালার সংক্ষিপ্ত ব্যবহারিক নির্দেশনা ও উপযোগিতা, আইনের প্রয়োগ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে প্রশ্ন ও উত্তর (Q&A) সম্বলিত App/ ডিজিটাল প্ল্যাটফর্ম তৈরীর বিষয়ে এ বিভাগের আওতায় উদ্যোগ গ্রহণ করতে হবে। |

১৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/৭/২০২৩

(মোঃ মইনুল কবির)
সচিব
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
ও
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটি
আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে
জনসচেতনতা সৃষ্টি প্রকল্প।

Attendance Sheet

পরিশিষ্ট - 'ক'

| Name (Orig | User Email | Join Time | Leave Time | Duration (M | Guest | Recording ( | In Waiting I |
|---|---|---|---|---|---|---|---|
| Dr Mohiud | muddinlpa | 9/7/2023 10:12 | 9/7/2023 11:14 | 63 | No | | No |
| Md. Moinul Kabir# Sec | | 9/7/2023 10:12 | 9/7/2023 10:13 | 1 | Yes | | Yes |
| Md. Moinul Kabir# Sec | | 9/7/2023 10:13 | 9/7/2023 10:15 | 2 | Yes | | No |
| Muhammad Abu Kaws | | 9/7/2023 10:13 | 9/7/2023 11:14 | 62 | Yes | Yes | No |
| Dr. Mohiuddin#JS# Mi | | 9/7/2023 10:13 | 9/7/2023 10:36 | 24 | Yes | Yes | No |
| Mohammad Zia Uddin | | 9/7/2023 10:13 | 9/7/2023 10:37 | 24 | Yes | Yes | No |
| Md. Moinul Kabir# Sec | | 9/7/2023 10:15 | 9/7/2023 11:14 | 59 | Yes | Yes | No |
| Fatema Tul Zannat# De | | 9/7/2023 10:16 | 9/7/2023 10:17 | 2 | Yes | | No |
| Mohammad Mehdi Ha | | 9/7/2023 10:18 | 9/7/2023 11:12 | 55 | Yes | Yes | No |
| Hafiz Ahmed Chowdhu | | 9/7/2023 10:23 | 9/7/2023 10:38 | 16 | Yes | Yes | No |
| Mohammad Asaduzza | | 9/7/2023 10:26 | 9/7/2023 10:37 | 11 | Yes | Yes | No |
| Fatema Tul Zannat# De | | 9/7/2023 10:28 | 9/7/2023 11:14 | 47 | Yes | Yes | No |
| Rafiqul Alam# Joint chi | | 9/7/2023 10:28 | 9/7/2023 11:14 | 46 | Yes | Yes | No |
| Shahriar Jamil# SAS# F | | 9/7/2023 10:28 | 9/7/2023 11:14 | 46 | Yes | Yes | No |
| Munirujjaman Moham | | 9/7/2023 10:30 | 9/7/2023 11:14 | 45 | Yes | Yes | No |
| Mst. Anar Kali# Joint C | | 9/7/2023 10:32 | 9/7/2023 10:33 | 1 | Yes | | No |
| Nasim Ahmed Director | | 9/7/2023 10:32 | 9/7/2023 11:14 | 42 | Yes | Yes | No |
| Forhad Siddique# JS# ( | | 9/7/2023 10:36 | 9/7/2023 11:04 | 29 | Yes | Yes | No |
| Mohammad Zia Uddin | | 9/7/2023 10:37 | 9/7/2023 11:14 | 38 | Yes | | No |
| Dr. Mohiuddin#JS# Mi | | 9/7/2023 10:38 | 9/7/2023 11:14 | 36 | Yes | Yes | No |
| Umme Hasina# DC# Pr | | 9/7/2023 10:38 | 9/7/2023 11:14 | 36 | Yes | Yes | No |
| Hafiz Ahmed Chowdhu | | 9/7/2023 10:39 | 9/7/2023 11:14 | 36 | Yes | | No |
| Md. Ruhul Azam# Dep | | 9/7/2023 10:40 | 9/7/2023 10:54 | 15 | Yes | Yes | No |
| Mazeda Yasmin JS Nec | | 9/7/2023 10:40 | 9/7/2023 11:14 | 34 | Yes | Yes | No |